



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd


স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০৩.০১.০০১.২৬.১৮৯৯/৪৪০৬

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৬খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.১৮.০০১.২৩-১৯৭, তারিখ: ১০ অক্টোবর ২০২৩খ্রি. মূলে জারিকৃত পরিপত্রের আলোকে কারিগরি শিক্ষায় গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্থান পরিবর্তন, নবায়ন, স্বীকৃতি ও আসন বৃদ্ধি সংক্রান্ত আবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।



(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
inspector@bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০৩.০১.০০১.২৬.১৮৯৯ (১০)/৪৪০৬

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৬খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর (বর্ণিত বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক অগ্রায়ণের অনুরোধসহ)
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (সকল)
৯. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।


(নুর উদ্দিন আহমদ)
উপ-পরিদর্শক (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা